**3 (Sem–1/CBCS) BEN AE**

**2023**

# BENGALI

## ( MIL Communication )

Paper : BEN–AE–1014

( ব্যবহারিক বাংলা )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। বিকল্প সমন্বিত প্রশ্নের শুদ্ধ উত্তরটি নির্বাচন করো : ১×১০=১০

(ক) 'কলিকাতা বিশ্ববিদ্যালয় বাংলা বানান সংস্কার সমিতি'র পুস্তিকাটির প্রথম সংস্করণ কবে প্রকাশিত হয়েছিল ?

(i) ১৯৩৫

(ii) ১৯৩৬

(iii) ১৯৩৭

(iv) ১৯৩৮

(খ) 'পশ্চিমবঙ্গ বাংলা অকাদেমি'র বানানবিধি অনুসারে 'ইতঃ+ততঃ' বিসর্গসন্ধির শুদ্ধ রূপ কোনটি ?

(i) ইতস্তত

(ii) ইতঃস্তত

(iii) ইতস্ততঃ

(iv) ইতঃস্ততঃ

(গ) 'মহা + ইন্দ্র' সন্ধির শুদ্ধ রূপটি নির্ণয় করো।

*(i)* মহীন্দ্র

*(ii)* মহান্দ্র

*(iii)* মহেন্দ্র

*(iv)* মহিন্দ্র

(ঘ) শুদ্ধ বানানটি নিরূপণ করো।

*(i)* নিপিড়িত

*(ii)* নিপীড়িত

*(iii)* নিপিড়ীত

*(iv)* নীপিড়ীত

(ঙ) 'কানকাটা'—এই বিশেষ্যপদের বিশিষ্ট প্রয়োগ কোন্ অর্থে ব্যবহৃত হয়?

*(i)* বেহায়া

*(ii)* কালা

*(iii)* শ্রুতিকটু

*(iv)* ষড়যন্ত্র

(চ) 'প্রভু' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?

*(i)* প্রভুপত্নী

*(ii)* ধনী

*(iii)* সাধু

*(iv)* ভৃত্য





(ছ) 'পথ' বা 'গতি' অর্থে 'অয়ন' শব্দযোগে গঠিত 'উত্তরায়ণ' ও 'দক্ষিণায়ন' শব্দ দুটির ক্ষেত্রে বানানের তারতম্যের মূল কারণ কী?

*(i)* মূর্ধন্যীভবন

*(ii)* ণ-ত্ব বিধি

*(iii)* ষ-ত্ব বিধি

*(iv)* স্বরসন্ধি

(জ) 'Capital'-এর বাণিজ্যিক পরিভাষা কোনটি?

*(i)* রাজধানী

*(ii)* মস্তক-সম্বন্ধীয়

*(iii)* প্রধান

*(iv)* মূলধন

(ঝ) বৈদ্যুতিন মাধ্যমের বাণিজ্যিক বিজ্ঞাপনের বৈশিষ্ট্য কোনটি?

*(i)* স্থিরচিত্র

*(ii)* অভিনয়যুক্ত

*(iii)* নির্বাক ছবি

*(iv)* সংরক্ষণযোগ্য

(ঞ) দেশের সংসদে বাজেট পেশ হলে ব্যবসায়-বাণিজ্যের ক্ষেত্রে সেই বাজেটের প্রভাব সম্বন্ধে একটি প্রবন্ধ সংবাদপত্রে প্রকাশিত হলে রচনাটি কোন্ শ্রেণির অন্তর্গত হবে?

*(i)* বাণিজ্যিক পত্র

*(ii)* বাণিজ্যিক বিজ্ঞাপন

*(iii)* অর্থনৈতিক প্রতিবেদন

*(iv)* অর্থনৈতিক পত্র

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) 'পশ্চিমবঙ্গ বাংলা অকাদেমি'র বানানবিধি অনুসারে নিম্নলিখিত শব্দজোড়ের মধ্যে শুদ্ধ বানানটি নির্ধারণ করো :

*(i)* বাড়ী / বাড়ি

*(ii)* ছোট / ছোটো

(খ) 'গৃহ' অথবা 'সূর্য' শব্দের দুটি সমার্থক শব্দ লেখো।

(গ) পূর্বতন 'বাঙ্গালা' বানানের স্থানে 'কলিকাতা বিশ্ববিদ্যালয় বাংলা বানান সংস্কার সমিতি' কোন্ কোন্ দুটি বানানের পোষকতা করেছিল?

(ঘ) নীচের যে কোনো দুটি বাণিজ্যিক পরিভাষার অর্থ লিখে তা দিয়ে বাক্য রচনা করো :

নিলাম ; হুন্ডি ; রসিদ ; চেক





(ঙ) আপামর জনসাধারণের কাছে সংবাদ পৌঁছে দেবার জন্য পাঠযোগ্য গণমাধ্যম এবং শ্রুতি-দৃশ্যগ্রাহ্য গণমাধ্যম কোন্ দুটিকে বলা হয়?

৩। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'পশ্চিমবঙ্গ বাংলা অকাদেমি' গৃহীত বানানবিধিতে তৎসম ও অ-তৎসম শব্দে শ-ষ-স (শিস্‌ধ্বনি)-এর ব্যবহার সম্বন্ধে কী নির্দেশ দেওয়া হয়েছে তা আলোচনা করো।

(খ) উদাহরণসহ ব্যঞ্জনসন্ধির যে কোনো পাঁচটি নিয়ম আলোচনা করো।

(গ) ষ-ত্ব বিধি বলতে কী বোঝায়? উদাহরণসহ ষ-ত্ব বিধির নিয়মগুলো আলোচনা করো। ১+৪=৫

(ঘ) নিম্নলিখিত বাগ্‌ধারাগুলোর অর্থসহ বাক্য রচনা করো :

অন্ধের যষ্ঠি ; কলুর বলদ ; ইঁচড়ে পাকা ; তাসের ঘর ; ভিজে বিড়াল।

(ঙ) বাণিজ্যিক বিজ্ঞাপনের সুফল সম্বন্ধে যা জানো লেখো।

(চ) বাণিজ্যিক পত্রের বিভিন্ন বৈশিষ্ট্য সম্বন্ধে আলোচনা করো।

৪। (ক) অ-তৎসম শব্দে হ্রস্ব ই-কার, দীর্ঘ ঈ-কারের সমস্যা নিয়ে 'কলিকাতা বিশ্ববিদ্যালয় বাংলা বানান সংস্কার সমিতি' ও 'পশ্চিমবঙ্গ বাংলা অকাদেমি' কী কী নির্দেশনা দিয়েছিল তা আলোচনা করো। ১০

*অথবা*

(খ) ইংরেজি ও অন্যান্য বিদেশি শব্দের বানানের ক্ষেত্রে 'কলিকাতা বিশ্ববিদ্যালয় বাংলা বানান সংস্কার সমিতি' যে নিয়মাবলি সংযোজন করেছিল তা আলোচনা করো।

৫। (ক) 'সমার্থক শব্দ' কাকে বলে? যে কোনো চারটি শব্দের অন্তত তিনটি করে সমার্থক শব্দ লেখো। ২+৮=১০

*অথবা*

(খ) কারক বিভক্তি কাকে বলে? সাধারণত কোন্ কারকে কোন্ বিভক্তি যুক্ত হয় তা দৃষ্টান্তসহ আলোচনা করো। ২+৮=১০

৬। (ক) বৈদ্যুতিন মাধ্যমের প্রতিবেদন রচনার বৈশিষ্ট্যসমূহ আলোচনা করো। ১০

*অথবা*

(খ) বাণিজ্যে বিজ্ঞাপনের প্রয়োজনীয়তা এবং বিজ্ঞাপন প্রস্তুতির নীতি সম্পর্কে আলোচনা করো।

৭। (ক) 'বিপরীতার্থক শব্দ' কাকে বলা হয়? বিপরীতার্থক শব্দ গঠনের পাঁচটি প্রকারভেদের প্রতিটির অন্তত তিনটি করে উদাহরণ দাও। ২+৮=১০





*অথবা*

(খ) যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো : ১০

*(i)* ২০২৩ সালের এশিয়াডে ভারতের সাফল্য

*(ii)* ভারতের মহাকাশ গবেষণার সাম্প্রতিক উত্তরণ

*(iii)* পর্যটন শিল্পের বিকাশে বাণিজ্যিক লাভালাভ

*(iv)* তোমার প্রিয় গ্রন্থ এবং তোমার জীবনে তার প্রভাব

★★★